

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৫, ২০২৪

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ/ ০৮ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নং ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-৫২৪—নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯-এর ধারা ১৯ এর প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন কর্তৃক প্রণীত নির্বাচন কমিশন (কার্যপ্রণালী) বিধিমালা, ২০১০ এর বিধি ৩ এর উপবিধি ২ অনুসারে নিম্নরূপ “নিয়োগ, পদোন্নতি, প্রশাসনিক সংস্কার ও পুনর্বিন্যাস এবং দক্ষতা উন্নয়ন কমিটি” গঠন করা হলো:

- |     |   |              |
|-----|---|--------------|
| (১) | জনাব তাহমিদা আহমদ, মাননীয় নির্বাচন কমিশনার                 | - সভাপতি     |
| (২) | সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা                         | - সদস্য      |
| (৩) | অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা                | - সদস্য      |
| (৪) | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা        | - সদস্য      |
| (৫) | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা | - সদস্য      |
| (৬) | যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা   | - সদস্য      |
| (৭) | মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনসিটিউট, ঢাকা              | - সদস্য      |
| (৮) | উপসচিব (সংস্থাপন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা            | - সদস্য      |
| (৯) | উপসচিব (জনবল ব্যবস্থাপনা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা    | - সদস্য সচিব |

কমিটি প্রয়োজনে কমিশনের যেকোন কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে।

( ২৮৭০১ )

মূল্য : টাকা ৮.০০

**কমিটির কার্যপরিধি:**

- (ক) নির্বাচন কমিশন সচিবালয়ের জাতীয় বেতন ক্ষেত্রের দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ গ্রেডের পদে পদোন্নতি/ নিয়োগ প্রদানের বিষয়ে সুপারিশ প্রণয়ন;
- (খ) নির্বাচন কমিশন সচিবালয়ের জাতীয় বেতন ক্ষেত্রের দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ গ্রেডের পদের কর্মকর্তাগণের সিলেকশন গ্রেড/উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে সুপারিশ প্রণয়ন;
- (গ) নির্বাচন কমিশনের সকল সংযুক্ত দপ্তর ও মাঠ কার্যালয়ের উপরের ‘ক’ ও ‘খ’ এ উল্লিখিত গ্রেডের পদে পদোন্নতি/নিয়োগ/সিলেকশন গ্রেড/উচ্চতর গ্রেড-এর বিষয়ে সুপারিশ প্রণয়ন;
- (ঘ) কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ প্রদানে স্বচ্ছতা এবং গ্রহণযোগ্যতা প্রতিষ্ঠার পরামর্শ প্রদান;
- (ঙ) নির্বাচনি প্রশিক্ষণ ইনসিটিউট আধুনিকায়ন এবং সংস্কারকরণে সুপারিশ প্রণয়ন;
- (চ) নির্বাচনি কর্মকর্তা ও নির্বাচন কমিশনের কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ মডিউল, প্রশিক্ষক নির্বাচন সংক্রান্ত সুপারিশ প্রণয়ন;
- (ছ) প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা বিকেন্দ্রীকরণ বিষয়ক সুপারিশ প্রণয়ন;
- (জ) নির্বাচন কমিশনের বর্তমান সাংগঠনিক কাঠামো পর্যালোচনা ও প্রয়োজনীয় সংস্কারের সুপারিশ;
- (ঝ) দুর্নীতি প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণে সুপারিশ প্রণয়ন এবং
- (ঝঃ) কমিশন কর্তৃক সময়ে সময়ে অর্পিত যেকোন দায়িত্ব বা কার্যক্রম সম্পাদন।

০২। জনবল ব্যবস্থাপনা অধিশাখা নির্বাচন কমিশনের উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

০৩। উল্লেক্ষ্য, ১৩ এপ্রিল ২০২৩খ্রি, তারিখের ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-১৩৫ নং প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

প্রধান নির্বাচন কমিশনারের আদেশক্রমে

**মোঃ শাহ আলম  
উপসচিব (সংস্থাপন)।**

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)